

চট্টগ্রাম ভার্শিটিতে দুই হাজার আসনে ২০ হাজার প্রার্থী

মুক্তফা নগর : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। - বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে ৮ ফেব্রুয়ারী। বিভিন্ন বিভাগের দুই হাজার ১৭টি আসনের জন্য সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা দাঁড়িয়েছে ১৯ হাজার ৮ শ' ৬৪ জনে।

প্রথম দিনের ৪ ইউনিটের ভর্তি পরীক্ষায় ২৬৫টি আসনের জন্য পরীক্ষার্থী ছিল ৩২৫২ জন। ৩ ইউনিটে উপজাতি কোটাসহ মাত্র ৬৭টি আসনের জন্য আবেদন পড়েছে ২৫৬৯টি। ক ইউনিটে

উপজাতি কোটাসহ ৪৮৭টি আসনের জন্য আবেদন ৪২৫৩, ঘ ইউনিটে ৫৫২টির জন্য ২৪০৪ জন। বনবিদ্যা ইনস্টিটিউটে বিদেশী ছাত্রকোটাসহ আসনসংখ্যা ৪৫, আবেদন পড়েছে ৭৫৭টি। আরবী বিভাগে ৭০টির জন্য ১৮৯, চারুকলায় ৩৫টির জন্য ৫৭ জন এবং বাণিজ্য অনুশদের মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ওবিবিএ এই চারটি বিভাগের আসনসংখ্যা ৪০৮টি। (৮-এর পূঃ ৮-এর কঃ ঘঃ)

চট্টগ্রাম ভার্শিটিতে দুই

(প্রথম পৃষ্ঠার পর)

আবেদন করেছেন ৫১২৪ জন। যা গতবছরের তুলনায় দুইগত বেশী। সবচাইতে কম প্রার্থী হচ্ছে পালি ও সংস্কৃতি বিভাগে। এই বিভাগে ৪৩টি আসনের জন্য আবেদনকারীর সংখ্যা মাত্র ৯ জন।